# মে,২০২২ খ্রিঃ মাসে অনুষ্ঠিত পানছড়ি উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব **চন্দ্র দেব চাকমা**, প্যানেল চেয়ারম্যান-১, উপজেলা পরিষদ, পানছড়ি। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ মিলনায়তন, পানছড়ি, খাগড়াছড়ি |
| সভার তারিখ ও সময় | : | ১৭ মে, ২০২২খ্রি: ; সময় : বেলা ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যদের নাম | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |
| বিবেচ্য মাস | : | এপ্রিল, ২০২২খ্রি:। |

সভাপতি শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অত:পর তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, পানছড়ি কে অনুরোধ করেন। শুরুতে গত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। অত:পর কার্যবিবরণীতে কোন সংশোধনী ও সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | গত সভার কার্যবিবরণী | গত সভার কার্যবিবরণী অনুমোদিত। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি। |
| **২** | উপজেলা কমিটিসমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা কমিটিসমূহের সভা অনুষ্ঠিত না হওয়ায় কোন প্রস্তাব পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে নিয়মিত সভা আহ্বান করে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হওয়ার পূর্বে উপজেলা কমিটির সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | **সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিবগণ।** |
| ৩ | **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা জেলায় সভা থাকার কারণে সভায় অনুপস্থিত বিধায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, পানছড়ি। |
| ৪ | **পরিবার পরিকল্পনা বিভাগ:** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, সর্বমোট সক্ষম দম্পতির সংখ্যা ১২০৯১ জন, খাবার বড়ি গ্রহণকারী (নতুন) ৬৭ জন, কন্ডম ব্যবহারকারী (নতুন) ১৭ জন, মোট ইনজেকশন গ্রহণকারী (নতুন) ০৮ জন, আইইউডি গ্রহণকারী (নতুন) ০৪ জন, ইমপ্ল্যান্ট গ্রহণকারী (নতুন) ২১ জন, স্থায়ী পদ্ধতি- পুরুষ বন্ধ্যাকরণ, মহিলা বন্ধ্যাকরণ ০০ জন, গর্ভখালাস ০১ জন, সাধারণ রোগী সেবা ৮৮৭ জন, চলতি মাসে নব দম্পতির সংখ্যা (নববিবাহিতা) ২২ জন, সর্বমোট পরিবার পরিকল্পনা গ্রহণকারী (নতুন+পুরাতন) ৯৪১৫ জন, সর্বমোট গ্রহণকারীর হার ৭৭.৮৭%, উপজেলার মোট জনসংখ্যা ৬৫১৫৯ জন, উপজেলার জনসংখ্যার বৃদ্ধির হার ০.০৬% মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) নির্দেশনা মোতাবেক পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য সেবা ও দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পানছড়ি। |
| ৫ | **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, মাঠে বিদ্যমান বোরো ফসলের উৎপাদন কাংখিত পর্যায়ে রাখার জন্য মাঠ পর্যায়ে এসএএও দের মাধ্যমে কৃষকদের প্রযুক্তিগত পরামর্শ কার্যক্রম চলমান রয়েছে। আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনার আওতায় বিনামূল্যে বিতরণকৃত বীজ ও সার প্রাপ্ত কৃষকদের কারিগরি সহায়তা দেয়া হচ্ছে। চলতি মাসে ১৫০ মে.টন | (ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে মাঠ পর্যায়ে তদারকি এবং কারিগরি সহায়তা প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) পর্যাপ্ত পরিমাণে সার মওজুদ রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | ইউরিয়া, ১৪২ মে. টন টিএসপি, ১৯ মে.টন এমওপি এবং ৪২ মে. টন ডিএপি সার বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দকৃত সার সার বিসিআইসি ডিলারদের মাধ্যমে উত্তোলন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৫০ মে.টন ইউরিয়া, ৩৫ মে.টন টিএসপি, ১০ মে.টন এমওপি এবং ২৬ মে.টন ডিএপি সার মজুদ রয়েছে। | (গ) ধান চাষের পাশাপাশি বাড়ির পার্শ্ববর্তী আঙিনায় সবজির বাগান সৃজনের জন্য প্রান্তিক কৃষকদেরকে উদ্বুদ্ধ করনের জন্য অনুরোধ করা হয়। | |
| ৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, চলতি মাসে ০৬ জন মাছ চাষীকে অফিসে পরামর্শ প্রদান এবং ৬টি প্রশিক্ষণপ্রাপ্ত চাষীর খামার পরিদর্শন করা হয়েছে। মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমে আওতায় সর্বমোট ৮.২৩৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়। অনাদায়ী ঋণের পরিমাণ ৩.৬৫৯২০ লক্ষ টাকা। আদায় হার ৫৬%। তিনি আরো জানান যে, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় (২০২১-২০২২) ২য় ধাপে নিবন্ধিত জেলে/মৎস্যজীবিদের মধ্য হতে অতি দরিদ্র, অসহায় মোট ১০টি জেলে পরিবারকে এককালীন সহায়তা প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়। তন্মধ্যে ৫টি পরিবারকে ছাগল বিতরণের জন্য ১.০০ (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দ পত্রের শর্ত এবং নীতিমালা অনুযায়ী তালিকাভূক্ত পরিবারের মাঝে এগুলো যথাযথভাবে বিতরণ করা হবে। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) মৎস্য সেক্টরে ক্ষুদ্র ঋণ তহবিল কার্যক্রমের আওতায় অনাদায়ী ঋণ আদায়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) নিবন্ধিত জেলে/মৎস্যজীবি দরিদ্র, অসহায় পরিবারের মাঝে বরাদ্দকৃত অর্থ বরাদ্দ পত্রের শর্ত এবং নীতিমালা অনুযায়ী তালিকাভূক্ত পরিবারের মাঝে বিতরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পানছড়ি |
| ৭ | **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পানছড়ি। |
| ৮ | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান যে, ২০২১-২০২২ অর্থবৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তিসহ ধরে মোট ১,১৩,২০,০০০/- (এক কোটি তের লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। তন্মধ্যে আনুষাংগিক ব্যয় বাবদ ০.৫% হারে ৫৬,৬০০/- (ছাপান্ন হাজার ছয়শত) টাকা বাদে সর্বমোট ১,১২,৬৩,৪০০/- (এক লক্ষ বার হাজার তেষট্টি হাজার ছয়শত) টাকার মধ্যে অবশিষ্ট (১,১২,৬৩,৪০০-৬১,১০,০০০) = ৫১,৫৩,৪০০/- (একান্ন তিপান্ন হাজার চারশত) টাকা হতে খাতওয়ারী মোট ২১টি প্রকল্প দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করেন।<br>(খ) LTM প্রক্রিয়ায় (সংযুক্ত "খ ও গ" সর্বমোট ৬১,১০,০০০/- (একষট্টি লক্ষ দশ হাজার) টাকার দরপত্র হতে ৫% নিম্নদরে মোট ৩,০৫,৫০০/- (তিন লক্ষ পাঁচ হাজার পাঁচশত) টাকা অবশিষ্ট থাকে। এক্ষেত্রে পানছড়ি ইউনিয়নেরি পাইলট ফার্ম হাসান নগর বিল্লালের বাড়ীর নিকট Protective Walk নির্মাণ বাবদ ৩,০৫,৫০০/- টাকার প্রকল্প বাস্তবায়ন করা যাবে মর্মে সভায় উপস্থাপন করেন। (সংযুক্ত "গ" তালিকা মোতাবেক ক্রমিক-২২)। | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) সংযুক্ত তালিকা "গ" মোতাবেক ২-১৪নং প্রকল্পগুলি LTM প্রক্রিয়ায় এবং ২০,২১,২২ নং প্রকল্প ০৩টি RFQ প্রক্রিয়ায় বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) LTM প্রক্রিয়ায় বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(ঘ) বিধি অনুযায়ী ৪টি প্রকল্প e-Tender (OTM) প্রক্রিয়ায় বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী (এলজিইডি), পানছড়ি। |

<table>
<tr>
<td></td>
<td>(গ) ২০২-২০২২ অর্থ বৎসরের বাজেটে ইউনিয়ন পরিষদ খাতের আওতায় পণ্য ও সেবা বাবদ সহায়তা খাতে মোট ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থ হতে ৩নং পানছড়ি সদর ইউনিয়ন পরিষদ ভবন মেরামত ও সংরক্ষণের জন্য বিধি অনুযায়ী ব্যয় করার নিমিত্তে সভায় উপস্থাপন করেন।<br>(ঘ) চলতি ২০২১-২০২২ অর্থ বৎসরে বিভিন্ন অফিস, বাসাবাড়ি, অভ্যন্তরীন ড্রেন ইত্যাদি মেরামত/সংস্কারের ব্যয় বাবদ নিম্নোক্ত প্রকল্পগুলো e-Tender এর মাধ্যমে বাস্তবায়ন করা যাবে মর্মে সভায় উপস্থাপন করেন।
<ul>
<li>উপজেলা পরিষদের চেংগী ভবন মেরামত ৫,০০,০০০/-</li>
<li>উপজেলা পরিষদ হল রুম মেরামত-৫,০০,০০০০/-</li>
<li>উপজেলা পরিষদের রেস্ট হাউজ ভবন মেরামত ৫,০০,০০০/-</li>
<li>উপজেলা পরিষদের ধলেশ্বরী ভবন মেরামত ৫,০০,০০০/-</li>
</ul>
সর্বমোট=২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>৯</td>
<td><u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যক্রম নিম্নে উপস্থাপন করা হলো।<br><u>টি.আর সাধারণ ২য় কিস্তি (উপজেলাওয়ারী)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>২৫,৪০,৮১২.৯৬</td><td>২২টি</td><td>৫০%</td></tr>
</table>
<u>টি.আর ৩য় পর্যায় (উপজেলাওয়ারী)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>৬,৮৫,৪৭১/-</td><td>১১টি</td><td>প্রক্রিয়াধীন</td></tr>
</table>
<u>টি.আর ২য় পর্যায় (মাননীয় সংসদ সদস্য)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১১,০০,০০০/-</td><td>০৭টি</td><td>৫০%</td></tr>
</table>
<u>টি.আর (সংরক্ষিত মহিল আসনের মাননীয় সংসদ সদস্য)</u>
<table>
<tr><th>বরাদ্দকৃত নগদ অর্থ</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>১৮,৩৬,০০০/-</td><td>১১টি</td><td>৫০%</td></tr>
</table>
<u>অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (২য় পর্যায়) :</u>
<table>
<tr><th>উপকারভোগী</th><th>বরাদ্দকৃত টাকা</th><th>প্রকল্প সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>৫২৮</td><td>৮৪,৮০,০০০/-</td><td>১৭টি</td><td>২০%</td></tr>
</table>
<u>হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্প ২য় পর্যায় :</u>
<table>
<tr><th>প্রকল্প সংখ্যা</th><th>মোট প্রাক্কলিত মূল্য</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>০২টি</td><td>১,০২,৯৬,০০৫/-</td><td>৩০%</td></tr>
</table>
</td>
<td>(ক) কাজের গুণগত মান বজায় রেখে তাঁর দাপ্তরিক উন্নয়ন কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে উন্নয়ন মূলক কার্যক্রমের বাস্তবায়ন কাজ সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।</td>
<td></td>
</tr>
<tr>
<td>১০</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :</u> সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ৫৮টি গ্রাম প্রকল্পের ৬টি কাজের মধ্যে ৩টির কাজ চলমান তন্মধ্যে মনিপাড়া গ্রামের কাজ সমাপ্ত করে হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট ২টি (জিয়ানগর ও কংচাইরী পাড়া)’র কাজ প্রক্রিয়াধীন</td>
<td>(ক) নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গৃহীত প্রকল্পসমূহের কাজ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) স্কুল পর্যায়ে জিপিএস প্রকল্পের আওতায়</td>
<td>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) পানছড়ি।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | আছে। স্কুল পর্যায়ে জিপিএস প্রকল্পের দ্বিতল ওয়াশ ব্লকের নির্মান কাজ চলমান। নতুনভাবে যেসকল বিদ্যালয়ে পানির উৎস নাই সে সকল বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীদের হাত ধোয়ার বেসিনসহ নলকূপ স্থাপন কাজ চলমান এবং ইতিমধ্যে ৬টি বিদ্যালয়ে কাজ চলছে। আশ্রয়ন প্রকল্পের আওতায় ২৫টি ঘরের মাঝে নলকূপ স্থাপন কাজ চলমান ইতিমধ্যে প্রতিটি ইউনিয়নে মোট ১৫টি ঘরের মধ্যে নলকূপ স্থাপন করা হয়েছে। বাকী কাজগুলি চলমান। চলতি অর্থবছরে নতুনভাবে ১৩০টি নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। তন্মধ্যে দলীয় প্রতিনিধি হতে ৫০% এবং অবশিষ্ট ৫০% উপজেলা পরিষদ কর্তৃক স্থান নির্বাচন করবে। ইতিমধ্যে ১৫টি নলকূপ স্থাপন কাজ করা হয়েছে বাকীগুলোর কাজ চলমান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিদ্যালয়ে দ্বিতল ওয়াশ ব্লকের নির্মাণ কাজ বিধি অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) চলতি অর্থবছরে গৃহীত নলকূপ স্থাপনের কাজ নির্দিষ্ট সময় সীমার মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | |
| ১১ | **<u>প্রাথমিক শিক্ষা বিভাগ :</u>** উপজেলা শিক্ষা অফিসার জানান যে, আন্ত: প্রাথমিক বিদ্যালয় ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা,২০২২খ্রি: উপলক্ষে বিদ্যালয় পর্যায়ে প্রতিযোগিতা ১১মে,২০২২খ্রি: তারিখ থেকে শরু হয়েছে। ৫টি ইউনিয়নে ইউনিয়ন পর্যায়ে ২১মে,২০২২ থেকে ২৫মে,২০২২খ্রি: পর্যন্ত অনুষ্ঠিত হবে। উপজেলা পর্যায়ে জুন,২০২২ মাসে শুরু হবে। বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে ১৯মে,২০২২ সকাল ৯.০০ ঘটিকায় ইনডোর ও আউটডোর শিক্ষা, ক্রিড়া ও সাংস্কৃতিক বিষয়ে প্রতিযোগিতা পানছড়ি বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে এবং যারা প্রতিযোগিতায় ১ম হবে ক,খ,গ গ্রুপের শিক্ষার্থীদের জেলা পর্যায়ে পেরণ করতে হবে। জেলা পর্যায়ে রিপোটিং ২৩মে,২০২২ সকাল ৯.০০টা থেকে বিকাল ৫.০০ টা পর্যন্ত। প্রতিযোগিতা শুরু হবে ২৪মে, ২০২২খ্রি: সকাল ১০.০০ঘটিকা সময়। প্রশিক্ষণপ্রাপ্ত ক্ষুদে ডাক্তারদের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) আন্ত:প্রাথমিক বিদ্যালয় ক্রিড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা,২০২২খ্রি: সুষ্ঠু, সুন্দর ও সুশৃংখলভাবে সম্পাদনের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>(খ) নির্দেশনা অনুযায়ী জাতীয় শিশু একাডেমী কর্তৃক জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br>(গ) প্রাথমিক বিদ্যালয় পর্যায়ে ক্ষুদে ডাক্তারদের চিকিৎসা সেবা কার্যক্রম অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে তাগিদ প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br>(ঘ) সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগণকে বিদ্যালয়ের ভূমি উন্নয়ন কর প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, পানছড়ি। |
| ১২ | **<u>মাধ্যমিক শিক্ষা বিভাগ</u>** : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, উপজেলা পর্যায়ে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ গত ১৯ মে,২০২২খ্রি: তারিখ অনুষ্ঠিত হয়েছে এবং ১৮মে,২০২২খ্রি: তারিখ জাতীয় শিক্ষা সপ্তাহ,২০২২ অনুষ্ঠিত হবে মর্মে উপস্থাপন করেন। | (ক) উপজেলা পর্যায়ে সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা সুষ্ঠ, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) নির্দেশনা অনুযায়ী জাতীয় শিক্ষা সপ্তাহ, ২০২২খ্রি: সম্পাদনের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পানছড়ি। |
| ১৩ | **<u>সমাজসেবা বিভাগ :</u>** উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, হিজরা ভাতা, অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, | (ক) স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও অনগ্রসর জনগোষ্ঠীর ভাতা সহ সর্বমোট ৭২০৮ জন। ৫টি ইউনিয়ন হতে ১০৫ জন দু:স্থ অসহায় ব্যক্তির নামের তালিকা জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | | |
| ১৪ | **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২১-২০২২ ভিজিডি চক্রের ১৩৬৩ জনের এপ্রিল,২০২২খ্রি: মাসের ডিও উত্তোলন ও বিতরণ সম্পন্ন হয়েছে। ভিজিডি উপকারভোগীদের ২০০ টাকা হারে সঞ্চয় জানুয়ারী, ২০২১ হতে আদায় কার্যক্রম চলমান আছে এবং আদায় কার্যক্রম ১০০%। ২০২১-২০২২ অর্থবছরে দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা উপকারভোগীদের স্ব-স্ব হিসাব নম্বরে ভাতা জমা হচ্ছে। সংশ্লিষ্ট উপকারভোগীর হিসাব নম্বর যাচাই-বাছাই পূর্বক ভাতা বিতরণ প্রক্রিয়া শুরু করা হবে এবং আগামী মাসে ভাতাভোগীদের ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের ১৪ ১৫তম ব্যাচের ফ্যাশন ডিজাইন ট্রেডের প্রশিক্ষণ চলমান তবে ক্রিস্টাল শো-পিচ এন্ড ডেকোরেটেড কেন্ডেল মেকিং (মোমবাতি) প্রশিক্ষক মাতৃত্বকালীন ছুটিতে থাকায় উক্ত ট্রেডের প্রশিক্ষণ আপাতত: বন্ধ আছে। গ্রামীণ মহিলাদের আত্মনির্ভরশীল করার লক্ষ্যে অত্র কার্যালয় হতে বাস্তবায়িত ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৫টি ক্লাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে এবং পুষ্টি নাস্তা বিতরণ করা হচ্ছে এবং প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | (ক) ইউনিয়ন পর্যায়ে নারী শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ, যৌতুক ও ইভটিজিং বিষয়ে নিয়মিত উঠান বৈঠান কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের কাজ বিধি অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পানছড়ি। |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, ক্রমপূঞ্জিত সমিতি গঠন ১৪১টি, ক্রমপূঞ্জিত সদস্য ভর্তি ১৫৫২ জন, ক্রমপূঞ্জিত শেয়ার আদায় ৮.২৮ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপুঞ্জিত সঞ্চয় আদায় ৬৮.০৯ (লক্ষ টাকায়), ক্রমপূঞ্জিত ঋণ আদায় ১৫৯২.১৯ (লক্ষ টাকায়), ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৭৬৭.৮৯ (লক্ষ টাকায়) টাকা, ক্রমপূঞ্জিত অডিট ৪৮টি, ক্রমপূঞ্জিত এজিএম ৪৮টি, ক্রমপূঞ্জিত নির্বাচন ৫৮টি, ক্রমপূঞ্জিত প্রশিক্ষণ ৯৩০টি মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) ঋণ বিতরণের ক্ষেত্রে যেন ওভারলেপিং না হয় সেদিকে দৃষ্টি রেখে ঋণ বিতরণ করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পানছড়ি। |
| ১৬ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, সমবায় সমিতি সমূহের অডিট কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে অডিট অফিসারের মাধ্যমে সম্পন্ন করা হবে। এ পর্যন্ত ধার্যকৃত সকল অডিট ফি পরিশোধ করে চালানের | (ক) সমবায় সমিতির সকল সদস্যদের কে সঞ্চয়ী মনোভাবাপন্ন হওয়ার জন্য উৎসাহিত করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | কপি জেলা সমাবায় কার্যালয় খাগড়াছড়িতে প্রেরণ করা হয়েছে। উপজেলার বাৎসরিক ক্যালেন্ডার ও অকার্যকর তালিকা জেলা সমবায় কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। চলতি মাসে আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট ফেনীতে কৃষি বিষয়ক প্রশিক্ষণে ০২ জন সমবায় সমিতির সদস্য কে প্রেরণ করা হয়েছে এবং জেলা সমবায় কার্যালয়ের ভ্রাম্যমান ইউনিটি কর্তৃক অত্র উপজেলার ২৫ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | (খ) সমবায় সমিতির সকল বিধি বিধান অনুসরণ পূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা | |
| ১৭ | **যুব উন্নয়ন অধিদপ্তর :** যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, চলমান মাসে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,৮৩,৮৪,০০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়যোগ্য ২,০৫,৪০০/- টাকা, চলমান মাসে ঋণ আদায়কৃত ১,১০,৮০০/- টাকা চলমান মাসে আদায় হার ৫৪%। চলমান মাসে ক্রমপূঞ্জিত আদায়যোগ্য ২,৫৬,১১,২৫০/- টাকা, চলমান মাসে ক্রমপূঞ্জিত আদায়কৃত ২,২৪,২৪,০৬৬/- টাকা, আদায় হার ৮৮%। চলমান মাসে ঋণ বিতরণ- নাই। দাপ্তরিক অন্যান্য কাজকর্ম স্বাভাবিক। তিনি আরো জানান যে, অত্রাফিসের মাধ্যমে বিনামূল্যে যুব ক্লাব নিবন্ধন সেবা দেয়া হচ্ছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(গ) বিনামূল্যে যুব ক্লাব নিবন্ধনের বিষয়টি এলাকায় বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউ.পি. চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ইউ.পি. চেয়ারম্যান (সকল) পানছড়ি। |
| ১৮ | **খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহের জন্য ১৪৮.০০ মে:টন ধানের লক্ষ্যমাত্রা পাওয়া যায় এবং এ বিষয়ে গত ০৯ মে, ২০২২খ্রি: তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। ধান সংগ্রহ ২৮ এপ্রিল-৩১ আগষ্ট, ২০২২খ্রি: পর্যন্ত। ধানের সংগ্রহ মূল্য ২৭ (সাতাশ) টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পানছড়ি। |
| ১৯ | **বন বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, পানছড়ি। |
| ২০ | **আনসার ও ভিডিপি বিভাগ :** তাঁর বিভাগের কার্যপত্র দাখিল না করায় এ বিভাগ সর্ম্পকে সভার কার্যবিবরণীতে অর্ন্তভূক্ত করা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, পানছড়ি। |
| ২১ | **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প):** জেলা অফিসে অত্র উপজেলায় পাড়াকর্মী নিয়োগ সংক্রান্ত কাজে ব্যস্ত থাকায় এ বিভাগ সর্ম্পকে জানা গেল না। | আগামী সভায় আবশ্যিকভাবে কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | প্রকল্প ব্যবস্থাপক (টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প) পানছড়ি। |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:** পল্লী সঞ্চয় ব্যাংকের প্রকল্প সমন্বয়কারী জানান যে, চলতি অর্থবছরে ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ৬৬০.৬০ টাকা, ক্রমপূঞ্জিত ঋণ আদায় ৬৪০.৬০ টাকা এবং ক্রমপূঞ্জিত সঞ্চয় আদায় ২৯.৪১ টাকা মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) লক্ষ্যমাত্রানুযায়ী ঋণ আদায়, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>(খ) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| ২৩ | **উপানুষ্ঠানিক শিক্ষা বুরো :** উপজেলা প্রোগ্রাম অফিসার সভায় জানান যে, ৮ ডিসেম্বর,২০২১খ্রি: হতে ৬ মাস ব্যাপী শিখন কার্যক্রম শুরু হয় এবং এ কার্যক্রম এখনও চলমান। গত ২৮ এপ্রিল,২০২২খ্রি: মাসে সংশ্লিষ্ট শিক্ষক ও সুপারভাইজারদের মাঝে ডিসেম্বর,২০২১খ্রি: মাসের সর্বমোট সম্মানী ভাতা হিসেবে ১৪,৭৭,৫০০/- (চৌদ্দ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকা বিতরণ করা হয়েছে। পরবর্তী মাসের সম্মানীগুলো পর্যায়ক্রমে প্রকল্প মেয়াদ শেষ হওয়ার আগেই পরিশোধ করা হবে মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষখ ও সুপারভাইজারদের সম্মানী প্রদানের জন্য অনুরোধ করা হয়। | প্রোগ্রাম অফিসার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, পানছড়ি। |
| ২৪ | **বিদুৎ বিভাগ :** উপজেলার আবাসিক প্রকৌশলী (বিউবো) জানান যে, অত্র উপজেলা পরিষদ এবং বিভিন্ন বাসাবাড়ির (আবাসিক) বিদ্যুৎ বিল অপরিশোধিত রয়েছে। ফলে লক্ষ্যমাত্রানুযায়ী বিদ্যুৎ বিল আদায় করা সম্ভব হচ্ছে না মর্মে সভায় উপস্থাপন করেন। | (ক) উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) অত্র উপজেলার বিভিন্ন বাসাবাড়ির বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (বিউবো) পানছড়ি। |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:** উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের ১২০ জন শিক্ষককে শিক্ষা প্রতিষ্ঠানে কোভিড-১৯ প্রতিরোধকল্পে সচেতনতা সৃষ্টি ও করণীয় শীর্ষক বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমানে উপ-প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন প্রস্তুতের কার্যক্রম চলমান। অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পগুলোর মধ্যে নাপিতা পাড়া এবং খড়গ পাড়ায় সোলার প্যানেলের মাধ্যমে ডীপ টিউবওয়েল স্থাপন অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পটির সমাপ্তি প্রতিবেদন এবং বিল অনুমোদনের জন্য ইউজিডিপি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ৫ম বছরে জন্য অবকাঠামো উন্নয়নমূলক উপ-প্রকল্পের জন্য নির্বাচিত উপ-প্রকল্পের তালিকা সংশোধন করে অঞ্জয় পাড়া (তারাবনছড়া) কমিউনিটি ক্লিনিকে প্রসবখানা নির্মাণ প্রকল্পটি বাদ দিয়ে নতুনভাবে “ত্রিদিবেশ্বর পাড়া, পদ্মিনী পাড়া, যুবনাশ্ব পাড়া ও প্রফুল্ল পাড়ায় খাবার পানি সরবরাহ” নামক একটি উপ-প্রকল্প ৫ম বছরের জন্য নির্বাচিত করা হয়। | (ক) বিধি অনুযায়ী সম্পাদিত উপ-প্রকল্পগুলোর সমাপ্তি প্রতিবেদন নির্দিষ্ট সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) অঞ্জয় পাড়া (তারাবনছড়া) কমিউনিটি ক্লিনিকে প্রসবখানা নির্মাণ প্রকল্পটি বাতিল করে নির্বাচিত পাড়াসমূহে খাবার পানি সরবরাহ নামক উপ-প্রকল্পটি বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিএফ, UGDP, LGD পানছড়ি। |
| ২৬ | **তথ্য আপা প্রকল্প:** তথ্য সেবা কর্মকর্তা জানান যে, ব্যবসা, শিক্ষা, কৃষি, জেন্ডার, আইন, তথ্য প্রযুক্তি বিষয়ে ডোর টু ডোর সেবা গ্রহণকারীর সংখ্যা ৪৯১ জন, তথ্যকেন্দ্রে সেবা গ্রহণকারীর সংখ্যা ০৭ জন। চলতি মাসে ৪টি উঠান বৈঠক সেবা গ্রহণকারীর সংখ্যা ২০০ জন। সর্বমোট ৬৬৮ | (ক) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক প্রকল্পের সেবা প্রদানের জন্য অনুরোধ করা হয়।<br><br>(খ) লক্ষ্যমাত্রানুযায়ী নিয়মিত উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করা | তথ্যসেবা কর্মকর্তা, পানছড়ি। |

| | | | |
|---|---|---|---|
| | জন কে সেবা প্রদান করা হয়েছে মর্মে উপস্থাপন করেন। অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | হয়। | |
| ২৭ | **শিক্ষা ও দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশুর ক্ষমতায়ন প্রকল্প :** প্রকল্পের এডুকেশন ফ্যাসিলিটেটর জানান যে, বাস্তবায়িত প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক মর্মে জানান। | বাস্তবায়িত প্রকল্পের দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | এডুকেশন ফ্যাসিলিটেটর শিক্ষা দক্ষতা উন্নয়নের মাধ্যমে নারী ও কণ্যা শিশু ক্ষমতায়ন প্রকল্প, পানছড়ি। |
| ২৮ | **বিবিধ : উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা জানান যে**, উপজেলা পরিষদের **অফিসার ক্লাবের কার্যক্রম অচল অবস্থায় রয়েছে এবং বিভিন্ন কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে নানাবিধি সমস্যার সম্মুখীন হতে হয়। ফলে জরুরী ভিত্তিতে অফিসার ক্লাবকে নব উদ্যমে পুন:রুজ্জীব করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে সভায় উপস্থিত সকলের নিকট উপস্থাপন করেন।** | (ক) উপজেলা পরিষদের অফিসার্স ক্লাবকে নব উদ্যোমে চালুর বিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয়তা সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী কর্মকর্তা, পানছড়ি। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**(চন্দ্র দেব চাকমা)**
প্যানেল চেয়ারম্যান-১
উপজেলা পরিষদ, পানছড়ি।

স্মারক নং-০৫(১২)/২০১৭- তারিখ- /০৫/২০২২খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৮নং আসন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। জনাব/বেগম ....................................................... ভাইস চেয়ারম্যান, পানছড়ি উপজেলা পরিষদ।
৯। উপজেলা ................................................................. কর্মকর্তা, পানছড়ি, খাগড়াছড়ি।
১০। চেয়ারম্যান, লোগাং/চেঙ্গী/পানছড়ি/লতিবান/উল্টাছড়ি ইউ.পি. পানছড়ি, খাগড়াছড়ি।
১১। ...........................................................................
........................................................................... খাগড়াছড়ি পার্বত্য জেলা।

(রুবাইয়া আফরোজ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, পানছড়ি।